দৈনিক সংবাদ

তারিখ JUL 17 1999

পৃঃ ২২ কলাম ৭

45

ঢাঃ বিশ্ববিদ্যালয়

# এ এফ রহমান হলে গুলি

(নিজস্ব বার্তা পরিবেশক)

ছাত্রলীগের (বা-অ) অভ্যন্তরীণ কোন্দলের কারণে গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ রহমান হলে গুলিবর্ষণের ঘটনা ঘটেছে। ছাত্রলীগ ক্যাডাররা হল, গেটে দাঁড়িয়ে ৫ রাউন্ড গুলিবর্ষণ করে। হল এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পুলিশ কাউকে গ্রেফতার করেনি।

এ এফ রহমান হলের একটি আবাসিক কক্ষে একজন ছাত্রকে সিট দেয়া নিয়ে হল শাখা ছাত্রলীগের সভাপতি বশির ও সাধারণ সম্পাদক মামুনের মধ্যে দ্বন্দ্ব চলছিল।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, গতকাল সকাল ১১টার দিকে এর জের হিসেবে মামুনের ক্যাডার মুরাদ মহসীন হলের ছাত্রলীগ ক্যাডার ডব্লিউকে ডেকে আনে। এরপর মুরাদ ও ডব্লিউ এ এফ রহমান হলের গেটে দাঁড়িয়ে ৫ রাউন্ড ফাঁকা গুলি করে।